দৈনিক সংবাদ

তারিখ 01 APR 1997
পৃষ্ঠা ২ কলাম ৪

০১

ভর্তি পরীক্ষা ৩রা মে

## কৃষি বিশ্ববিদ্যালয়ে ৫৮০ আসনে প্রার্থী ৫৬০৭

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ৩১শে মার্চ (নিজস্ব সংবাদদাতা)।– কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক শ্রেণীতে ভর্তির আবেদনপত্র জমা দেয়ার শেষদিনে আজ ৫শ' ৮৩টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়েছে ৫ হাজার ৬শ' ৭টি। আগামী ৩রা মে ৬টি অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গত ৮ই মার্চ থেকে ২৪শে মার্চ পর্যন্ত পূবালী ব্যাংকের মতিঝিল (সেনা কল্যাণ ভবনস্থ) এবং কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখা থেকে ভর্তি ফরম বিক্রি হয়েছে।